# সূচিপত্র



| ক্র: নং | বিবরণ | মন্তব্য |
| --- | --- | --- |
| ১. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর পটভূমি | ৪ |
| ২. | বিবিএস এর  ভিশন | ৪ |
| ৩. | বিবিএস এর কার্যাবলী | ৪-৫ |
| ৪. | বিবিএস এর প্রধান প্রধান শুমারি ও জরিপসমূহ | ৬ |
| ৫. | বিবিএস কর্তৃক প্রকাশিত গুরুত্বপূর্ণ রিপোর্টসমূহ | ৬-৮ |
| ৬. | উপজেলা পরিসংখ্যান কার্যালয় বদরগঞ্জ, রংপুর অফিসের সাংগঠনিক কাঠামো | ৯ |
| ৭. | উপজেলা পরিসংখ্যান কার্যালয় বদরগঞ্জ, রংপুর এর বিদ্যমান জনবল | ৯ |
| ৮. | উপজেলা পরিসংখ্যান কার্যালয় বদরগঞ্জ, রংপুর এর অভিলক্ষ্য (Mission) | ১০ |
| ৯. | উপজেলা পরিসংখ্যান কার্যালয় বদরগঞ্জ, রংপুর এর সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ: | ১০ |
| ১০ | উপজেলা পরিসংখ্যান কার্যালয় বদরগঞ্জ, রংপুর এর ভবিষ্যৎ পরিকল্পনা: | ১০ |
| ১১ | ২০২২-২৩ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ উপজেলা পরিসংখ্যান কার্যালয় বদরগঞ্জ, রংপুর) | ১১ |
| ১২ | নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত করিবার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা | ১২ |

## উপজেলা পরিসংখ্যান কার্যালয় বদরগঞ্জ, রংপুর এর **অভিলক্ষ্য (Mission)**

স্মার্ট বাংলাদেশ বিনির্মানে ও জনকল্যাণে আধুনিক পদ্ধতিতে পরিসংখ্যান প্রস্তুত এবং উন্নত তথ্য প্রযুক্তির মাধ্যমে তা বিশ্লেষণ, সংরক্ষণ ও প্রকাশ।

## উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এর সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

**সমস্যা:** অর্গানোগ্রাম অনুসারে প্রয়োজনীয় সংখ্যক জনবলের ঘাটতি। নিজস্ব অফিস ভবন নাই। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির সামঞ্জস্য বিধান।

**চ্যালেঞ্জসমূহ**: তথ্য সংগ্রহে প্রতিবন্ধকতা ছাড়াও বিভিন্ন দপ্তর/সংস্থা হতে তথ্য-উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে সকল অন্তরায় দূরীকরণ অন্যতম চ্যালেঞ্জ। পরিসংখ্যানিক তথ্য ও উপাত্ত প্রদানে উত্তরদাতার অনাগ্রহ সঠিক পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করে। লক্ষ্যমাত্রা অর্জনে গৃহিত কার্যক্রমসমূহের বাজেট স্বল্পতা এবং বাজেট সময়মত না পাওয়া কাজের গতিকে শ্লথ করে।

## উপজেলা পরিসংখ্যান কার্যালয় বদরগঞ্জ, রংপুর এর ভবিষ্যৎ পরিকল্পনা:

৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করা; মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা করা; প্রযুক্তিগত ও পেশাগত নেটওয়ার্ক শক্তিশালীকরণ; পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির সামঞ্জস্য বিধানে পরিসংখ্যান আইন ২০১৩ অনুসারে ব্যবস্থা গ্রহণ; পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ঠ (SDGs) এর অগ্রগতি মূল্যায়ন ও পরিবীক্ষণ, নির্ধারিত সময়ের মধ্যে আধুনিক তথ্যপ্রযুক্তি প্রয়োগপূর্বক তথ্যের গুণগত মান নিশ্চিতকরণ; যথাযথ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধিকরণ; স্মার্ট বাংলাদেশ বিনির্মানে জনকল্যাণে পরিসংখ্যানের গুরুত্ব ও মাঠ পর্যায়ে ডেটা প্রদানে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে জনগণকে উদ্বদ্দকরণ ও জনসচেতনতা বৃদ্ধি।

